



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ  
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

ই-মেইল : [geologicalsurveybd@gmail.com](mailto:geologicalsurveybd@gmail.com); ওয়েব : [www.gsb.gov.bd](http://www.gsb.gov.bd)

ফোন : ৮৩১৪৮০২-০৯; ফ্যাক্স : ৮৮০-২-৯৩৩৯৩০৯।

## বেসরকারী আবাসিক প্রকল্পের 'ভূতাত্ত্বিক অবস্থান সম্পর্কিত ছাড়পত্র' প্রাপ্তির লক্ষ্যে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) কর্তৃক প্রণীত অনুসরণীয় নির্দেশনাবলী

### সূচনা

পরিকল্পিত ও নিরাপদ নগরায়নের জন্য ভূতাত্ত্বিক, ভূ-প্রাকৃতিক, ভূ-প্রযুক্তিক ও পানি সম্পদের বিশেষত্ব বিবেচনায় সার্বিক ভূতাত্ত্বিক অবস্থান সংক্রান্ত তথ্য ও উপাত্তসমূহ অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাংলাদেশের অবশ্যন মূলত ব-দ্বীপীয় সমতল ভূমি এবং ভূমিকম্প ঝুঁকিপূর্ণ এলাকায় হওয়ায় এসব তথ্য-উপাত্তের গুরুত্ব বহুগুণ বৃদ্ধি পেয়েছে। ভূতাত্ত্বিক অবস্থান সংক্রান্ত তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও যথাযথ প্রয়োগের মাধ্যমে নিরাপদ ও দুর্যোগমুক্ত পরিকল্পিত নগরায়ন সম্ভব। নগর পরিকল্পনায় ও অবকাঠামো উন্নয়নে ভূতাত্ত্বিক তথ্য-উপাত্তসমূহ ইতিপূর্বে যথাযথ বিবেচনায় না নেয়ায় নগর ও শহরে প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্যোগসমূহের মাত্রা উদ্বেগজনক পর্যায়ে পৌঁছেছে। ফলশ্রবতিতে প্রতিনিয়ত ভূমি অধোগমন, ভবন ধস, জলাবদ্ধতা, পানি পয়ঃনিষ্কাশন ও যাতায়াত ব্যবস্থা ভেঙ্গে পড়ার ন্যায় নানাবিধ সমস্যার সৃষ্টি হচ্ছে যা শহর ও নগরসমূহকে ক্রমান্বয়ে দুর্যোগ প্রবণ এলাকায় পরিণত করছে। উপরন্তু, অবকাঠামো নির্মাণে ভূতাত্ত্বিক জ্ঞানের যথাযথ প্রয়োগ না হওয়ায় ঢাকা মহানগরীসহ অন্যান্য শহরে ভূমিকম্পের ফলে ব্যাপক ক্ষয়-ক্ষতির আশঙ্কা দেখা দিয়েছে। এসব বিষয়াদির গুরুত্ব অনুধাবন করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নাগরিক জীবনের নিরাপত্তা বিধানকল্পে 'বেসরকারী আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪ (বিধিমালা ২০১২সহ), বিধি ১৪(২)(ঘ) এর মাধ্যমে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরকে বেসরকারী আবাসন উন্নয়ন প্রকল্পভুক্ত এলাকার ভূতাত্ত্বিক অবস্থান সম্পর্কিত ছাড়পত্র প্রদানের ক্ষমতা অর্পণ করেন। উক্ত ক্ষমতাবলে জিএসবি 'ভূতাত্ত্বিক অবস্থান সম্পর্কিত ছাড়পত্র কমিটি' গঠন করে এবং ছাড়পত্র সংক্রান্ত নির্দেশনাবলী প্রস্তুত করে।

### ভূতাত্ত্বিক অবস্থান সম্পর্কিত ছাড়পত্র প্রাপ্তির জন্য করণীয়

ভূতাত্ত্বিক অবস্থান সম্পর্কিত ছাড়পত্র প্রাপ্তির লক্ষ্যে বেসরকারী আবাসিক প্রকল্পের সকল উদ্যোক্তা(গণ)কে নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণ করে আবেদন করতে হবে।

- ১। মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর, বরাবর নিজস্ব প্যাডে আবেদন করতে হবে।
- ২। আবেদন পত্র প্রাপ্তির পর জিএসবি হতে ছাড়পত্র সংক্রান্ত একটি নির্দেশনাবলী সরবরাহ করা হবে।
- ৩। আবেদনপত্রের সাথে উদ্যোক্তা(গণ)কে ছবি ও নিম্নবর্ণিত কাগজপত্রের অনুলিপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) অত্র অধিদপ্তরে দাখিল করতে হবে-
  - ক. সরকার কর্তৃক নির্ধারিত আবেদন ফি বাবদ টাকা ২০,০০০.০০ (বিশ হাজার) মাত্র চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে হিসাব কোড নং ১-৪২৪৫-০০০০ -১৮৭৬ এ জমাদানপূর্বক বাংলাদেশ ব্যাংক হতে যাচাইকৃত চালান;
  - খ. উদ্যোক্তা(গণ)-এর সাম্প্রতিক কালের তিন কপি পাসপোর্ট সাইজের ছবি;
  - গ. উদ্যোক্তা(গণ)-এর জাতীয় পরিচয় পত্র (National Identity Card);
  - ঘ. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) ও জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের আওতাধীন এলাকার জন্য যথাক্রমে রাজউক ও জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ প্রদত্ত হালনাগাদকৃত প্রস্তাবিত প্রকল্পের নিবন্ধন সনদ;
  - ঙ. হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স (Trade Licence);
  - চ. হালনাগাদকৃত টিআইএন (TIN) সনদ;



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

ই-মেইল : [geologicalsurveybd@gmail.com](mailto:geologicalsurveybd@gmail.com); ওয়েব : [www.gsb.gov.bd](http://www.gsb.gov.bd)

ফোন : ৮৩১৪৮০২-০৯; ফ্যাক্স : ৮৮০-২-৯৩৩৯৩০৯।

- ছ. হালনাগাদকৃত ভ্যাট (VAT) নিবন্ধন সনদ এবং
- জ. যৌথ মালিকানার রেত্রে সমঝোতা স্মারক (Memorandum of Understanding) এবং সংঘ বিধি (Article of Association) সহ সার্টিফিকেট অব ইনকর্পোরেশন এবং নিবন্ধন সনদ (Registration Certificate)।
- ৪। অনুচ্ছেদ-৩ এ বর্ণিত কাগজপত্রাদির সঙ্গে উদ্যোক্তা(গণ)কে নিম্নবর্ণিত মানচিত্র (অক্ষাংশ ও দ্রাঘিমাংশসহ) ও তথ্যাদি জমা দিতে হবে-
- ক. প্রকল্প এলাকার অবস্থান (গ্রাম, মৌজা, ইউনিয়ন, থানা/উপজেলা ও জেলা) এবং মোট জমির পরিমাণ (একর);
- খ. প্রকল্প এলাকার জমির পরিমাণ ও মালিকানার বিষয়ে সময়ে সময়ে সরকার নির্ধারিত হারে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে হলফনামা প্রদান করতে হবে;
- গ. মৌজা ম্যাপের (স্কেল ১ঃ৩,৯৬০) উপর প্রকল্প এলাকার সুনির্দিষ্ট সীমানা চিহ্নিত সাইট প্ল্যান (Site Plan);
- ঘ. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন এলাকার জন্য প্রকল্পের অবস্থান যথাযথ ভাবে চিহ্নিত করে রাজউক প্রণীত ঢাকা মহানগর এলাকার বিস্তারিত উন্নয়ন পরিকল্পনা DAP (1995-2005) মানচিত্র (স্কেল ১ঃ৪২,০০০);
- ঙ. প্রস্তাবিত প্রকল্প এলাকা এবং নিকটবর্তী প্রধান/সংযোগ সড়ক, উন্মুক্ত স্থান, খাল, বিল, নদী, নালা ও অন্য কোন জলাশয় এবং পৌরসভার পয়ঃপ্রণালী ইত্যাদি প্রদর্শনপূর্বক লোকেশন ম্যাপ (স্কেল ১ঃ১০,০০০);
- চ. প্রকল্প এলাকার বিস্তারিত লে-আউট পরিকল্পনা (Detailed Layout Plan) নকশা (স্কেল ১ঃ১,৯৮০) এবং
- ছ. সকল প্রকার ভূতাত্ত্বিক বৈশিষ্ট্যসমূহ (Features) প্রদর্শনপূর্বক ০.৩০৪৮ মিটার বিরতিতে অঙ্কিত সমুন্নতি রেখা (Contour line) সহ ভূসংস্থানিক (Topographic) মানচিত্র (স্কেল ১ঃ১,৯৮০)।
- ৫। উদ্যোক্তা(গণ) কর্তৃক অনুচ্ছেদ-৩ ও ৪ এ বর্ণিত ছবিসহ সকল কাগজ পত্রাদি ও মানচিত্রসমূহ দাখিলের পর ছাড়পত্র কমিটি/কমিটির প্রতিনিধিগণ সরেজমিনে প্রকল্প এলাকা পরিদর্শন করবেন।
- ৬। প্রকল্প এলাকার প্রাকৃতিক ভূমিরূপ যথাযথ বজায় থাকা অবশ্যই জিএসবি'র প্রতিনিধি (গণ) সরেজমিনে পরিদর্শন করার ব্যবস্থা করতে হবে।
- ৭। প্রকল্প এলাকার বিদ্যমান (Existing) ভূমিরূপ (Physiography)-কে যথাসম্ভব অপরিবর্তিত রেখে স্থাপনার পরিকল্পনা করতে হবে।
- ৮। ভূতাত্ত্বিক অবস্থান সম্পর্কিত ছাড়পত্র কমিটির নির্দেশনাবলী অনুসরণপূর্বক উদ্যোক্তা(গণ) ভূতত্ত্ববিদ/ভূ-প্রকৌশলবিদ/ভূ-প্রযুক্তিবিদ(গণ) দ্বারা সকল প্রকার ভূতাত্ত্বিক/ভূ-প্রযুক্তিক অনুসন্ধান ও পরীক্ষণ পরিচালনা করবেন।
- ৯। সাব-সয়েল বোরিং বা বহিরঙ্গন কাজ শুরু করার মাধ্যমে প্রকল্প এলাকার ভূতাত্ত্বিক/ভূ-প্রযুক্তিক বৈশিষ্ট্য (Properties) নিরূপণের লক্ষ্যে প্রতিনিধিত্বকারী (Representative) পলল বা মৃত্তিকা নমুনা সংগ্রহ করার অন্তত ১৫ (পনের) দিন পূর্বে সংশ্লিষ্ট উদ্যোক্তা(গণ) কর্তৃক জিএসবিকে লিখিতভাবে অবহিত করতে হবে।
- ১০। ভূতাত্ত্বিক বৈশিষ্ট্যসমূহ নিরূপণের জন্য খননকৃত ভূতাত্ত্বিক কূপসমূহ X-Y দিক (Direction) বরাবর ২০০ (দুইশত) মিটার অন্তর (Interval) এবং ভূমিতল (Ground Level) হতে কমপক্ষে ২০ (বিশ) মিটার গভীরতা পর্যন্ত হতে হবে যার মধ্যে জিএসবির ভূতাত্ত্বিক পরিদর্শক দলের উপস্থিতিতে অন্তত ১ (এক) টি ৭০ মিটার গভীরতা সম্পন্ন সাব-সয়েল (Sub-Soil Boring) করাতে হবে এবং এ বোরিং-এর পুরো রিপোর্টেজেন্টেটিব স্যাম্পল লগসহ জিএসবির নিকট হস্তান্তর করতে হবে।
- ১১। ভূতাত্ত্বিক অবস্থা বিবেচনাপূর্বক বিদ্যমান (Existing) ভূমিতল হতে প্রতি ১৫ (পনের) টি বোর হোলের জন্য ০১ (এক) টি করে ৩০ (ত্রিশ) মিটার গভীরতা সম্পন্ন বোর হোল এবং প্রকল্প এলাকায় কমপক্ষে ০৩ টি ৩০ মিটার গভীরতা সম্পন্ন বোর হোল করতে হবে।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ  
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১৫৩, পাইণিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

ই-মেইল : [geologicalsurveybd@gmail.com](mailto:geologicalsurveybd@gmail.com); ওয়েব : [www.gsb.gov.bd](http://www.gsb.gov.bd)

ফোন : ৮৩১৪৮০২-০৯; ফ্যাক্স : ৮৮০-২-৯৩৩৯৩০৯।

- ১২। ভূতাত্ত্বিক কূপসমূহের খননকাজ সার্বক্ষণিকভাবে একজন ভূতত্ত্ববিদের তত্ত্বাবধানে হতে হবে।
- ১৩। প্রতিনিধিত্বকারী পলল (Representative Sediments) বা মৃত্তিকা নমুনাসমূহ (Soil Samples) ভূমি উন্নয়নকারী উদ্যোক্তা(গণ)কে স্বচ্ছ পরীক্ষিত ব্যাগ/কনটেইনারে সংরক্ষণ ও জিএসবি'র নিকট হস্তান্তর করতে হবে। পরীক্ষার ফলাফল শীটের মূল কপি জিএসবি'র চাহিদা মোতাবেক জমাদানের জন্য প্রস্তুত রাখতে হবে।
- ১৪। জিএসবি'র নিকট হস্তান্তরকৃত সাব-সয়েল (Sub-Soil Boring)-এর পলির নমুনা এবং অন্যান্য ভূতাত্ত্বিক/ভূ-প্রযুক্তিক উপাত্ত জিএসবি'র সম্পদ হিসেবে বিবেচিত হবে এবং পরিবর্তিতে জিএসবি এ সকল উপাত্ত বৈজ্ঞানিক কাজে ব্যবহার করতে পারবে।
- ১৫। কাজের গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে কোন প্রকার আগাম নোটিশ ব্যতিরেকে ছাড়পত্র কমিটি বা কমিটির প্রতিনিধিগণ একাধিকবার সাব-সয়েল বোরিং/বহিরঙ্গন কাজ সরেজমিনে পরিদর্শন করতে পারবেন।
- ১৬। সকল অনুসন্ধান কাজ শেষে উদ্যোক্তা(গণ) ৭ (সাত) কপি পূর্ণাঙ্গ ভূতাত্ত্বিক প্রতিবেদন অত্র অধিদপ্তরে দাখিল করবেন (সংযুক্তি-১ এর আলোকে প্রণীত)। দাখিলকৃত প্রতিবেদন মূলত দুটি অংশে বিভক্ত থাকবে, যথা- ভূতাত্ত্বিক (Geological) ও ভূ-প্রযুক্তিক (Geotechnical)।
- ১৭। ভূতাত্ত্বিক প্রতিবেদনের সঙ্গে অবশ্যই প্রকল্প এলাকার নিম্নলিখিত মানচিত্র ও সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত দাখিল করতে হবে -
- ক. ভূতাত্ত্বিক মানচিত্রের সমক্ষেলে প্রকল্প এলাকার ভূতাত্ত্বিক প্রস্থচ্ছেদ (Geological Cross-Section);
  - খ. বিস্তারিত ভূপ্রাকৃতিক (Geomorphology), ভূতাত্ত্বিক বিন্যাস (Geological Set-up), ভূতাত্ত্বিক গঠন (Geological Structure), ভূ-আলোড়ন বিন্যাস (Tectonic Set-up) ইত্যাদির মানচিত্র;
  - গ. ভূতাত্ত্বিক কূপ খননকালে প্রাপ্ত নমুনা সংগ্রহ ও সংরক্ষণ পদ্ধতি (Sampling & Preservation Technique), বিস্তারিত নমুনা বিশ্লেষণ পদ্ধতি (Detailed Sample Analytical Process), পরীক্ষার মান (Standard) ও গুণগত বৈশিষ্ট্য;
  - ঘ. প্রতিটি বোর হোলের ভূতাত্ত্বিক এককসমূহ (Geological Units) এবং পললের বিস্তারিত বর্ণনা সম্বলিত লম্বচ্ছেদ (Vertical Section);
  - ঙ. একটি নির্দিষ্ট শরণ বিন্দু (Fixed Reference Point) হতে ভূতাত্ত্বিক কূপের দূরত্ব পরিষ্কারভাবে প্রদান করতে হবে। সমুদ্র পৃষ্ঠের গড় উচ্চতা (Mean Sea Level) অথবা গণপূর্ত অধিদপ্তর (PWD) কর্তৃক স্থাপিত শরণতল (Reference Level) বা Spot Height এর তুলনায় প্রতিটি কূপের ভূমিতলের উচ্চতা (Ground Elevation) এবং প্রক্ষেপণ পদ্ধতি (Projection System) উল্লেখ করতে হবে;
  - চ. সূচক (Index) এবং ভূ-প্রযুক্তিক বৈশিষ্ট্যসমূহ (Geotechnical Properties) নির্ণয়ের জন্য প্রতিনিধিত্বকারী নমুনাসমূহ (Representative Samples) এবং কমপক্ষে ০৩ (তিন)টি খননকূপের নমুনা হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইন্সটিটিউট (HBRI)/বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (রুয়েট) কর্তৃক বিশ্লেষণ করাতে হবে এবং
  - ছ. প্রতিটি পরীক্ষার ফলাফল শীট (Sheet) এবং খনন কূপের লগ ভূতত্ত্ববিদ বা প্রকৌশলী দ্বারা স্বাক্ষরিত হতে হবে।
- ১৮। ভূতত্ত্ববিদ(গণ) দ্বারা ভূতাত্ত্বিক অংশ ও ভূ-প্রকৌশলবিদ/ভূ-প্রযুক্তিবিদ(গণ) দ্বারা ভূ-প্রযুক্তিক অংশ প্রস্তুত করে প্রতি পৃষ্ঠায় তাঁদের কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।
- ১৯। ভূতত্ত্ববিদ(গণ)-কে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ভূতত্ত্ব বিদ্যায় স্নাতক (সম্মান) সহ এমএসসি ডিগ্রীধারী ও ভূতাত্ত্বিক কাজে অভিজ্ঞতা সম্পন্ন, ভূ-প্রকৌশলী (গণ)-কে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ভূতত্ত্ব বিদ্যায় স্নাতক (সম্মান) সহ এমএসসি ডিগ্রীধারী ও ভূ-প্রকৌশল কাজে অভিজ্ঞতা সম্পন্ন এবং



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

ই-মেইল : [geologicalsurveybd@gmail.com](mailto:geologicalsurveybd@gmail.com); ওয়েব : [www.gsb.gov.bd](http://www.gsb.gov.bd)

ফোন : ৮৩১৪৮০২-০৯; ফ্যাক্স : ৮৮০-২-৯৩৩৯৩০৯।

ভূ-প্রযুক্তিবিদ(গণ)-কে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পূরকৌশল বিদ্যায় কমপক্ষে স্নাতক ডিগ্রীধারীসহ ভূ-প্রকৌশল কাজে অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

- ২০। প্রতিবেদন প্রস্তুতকারী প্রতিষ্ঠান(সমূহ) বা বিশেষজ্ঞ(গণ) কে নিম্নলিখিত কাগজপত্র ও তথ্যাবলী দাখিল করতে হবে-
- ক. প্রত্যেক বিশেষজ্ঞের সাম্প্রতিক কালের তিন কপি পাসপোর্ট সাইজের ছবি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);
- খ. বিশেষজ্ঞ(গণ) কর্তৃক স্বাক্ষরিত জীবন বৃত্তান্ত;
- গ. প্রত্যেকের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক) অনুলিপি;
- ঘ. প্রত্যেকের হালনাগাদকৃত টিআইএন (TIN) সনদের সত্যায়িত (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক) অনুলিপি;
- ঙ. হালনাগাদকৃত ভ্যাট (VAT) নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং
- চ. অভিজ্ঞতা সনদের সত্যায়িত (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক) অনুলিপি।
- ২১। বিশেষজ্ঞ(গণ) বা প্রতিষ্ঠান(সমূহ)কে জিএসবিতে তালিকাভুক্ত হতে হবে।
- ২২। কোন প্রকার মিথ্যা তথ্য বা উপাত্ত পরিবেশন বা দাখিল করা হলে জিএসবি উদ্যোক্তা(গণ) বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ আবেদন বাতিল করতে পারবে।
- ২৩। দাখিলকৃত সকল কাগজ পত্রাদি কমিটি কর্তৃক গ্রহণযোগ্য বিবেচিত হলে ছাড়পত্র ফি বাবদ সরকার নির্ধারিত হারে অর্থ এবং ভ্যাটসহ অন্যান্য কর চালানোর মাধ্যমে রাষ্ট্রীয় কোষাগারে হিসাব কোড নং ১-৪২৪৫-০০০০-১৮৭৬ এ জমাদানপূর্বক বাংলাদেশ ব্যাংক হতে যাচাইকৃত চালান অত্র অধিদপ্তরে জমা দান করতে হবে (সংযুক্তি-২)।
- ২৪। প্রকল্প এলাকায় সকল কাজের দায়ভার বা যে কোন দুর্ঘটনার দায়দায়িত্ব উদ্যোক্তা(গণ) বা প্রতিষ্ঠানের উপর বর্তাবে।
- ২৫। আবেদনকৃত প্রকল্প এলাকার ভূমি অপর কোন উদ্যোক্তা (গণ) এর এলাকার সহিত অধিক্রমণযুক্ত (Overlapping) হলে এ বিষয়ে জিএসবি'র কোন দায়-দায়িত্ব থাকবে না।
- ২৬। উদ্যোক্তা(গণ) কর্তৃক জিএসবিতে আবেদনের ১ (এক) বছর সময়ের মধ্যে ভূতাত্ত্বিক অবস্থান সম্পর্কিত ছাড়পত্র গ্রহণ না করা হলে কোন কারণ ব্যতিরেকে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং নূতন আবেদন দাখিল করতে হবে।
- ২৭। উদ্যোক্তা(গণ) কর্তৃক একই প্রকল্পের ভূতাত্ত্বিক অবস্থান সম্পর্কিত ছাড়পত্রের জন্য বিভিন্ন সময়ে একাধিক আবেদনপত্র দাখিল করা হলে সর্বশেষ আবেদনপত্রটি ব্যতীত পূর্বের সকল আবেদনপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে।
- ২৮। কোন প্রকল্পের জন্য প্রদত্ত ভূমির ভূতাত্ত্বিক অবস্থান সম্পর্কিত ছাড়পত্র প্রদানের তারিখ হতে ৫ (পাঁচ) বছরের জন্য বহাল থাকবে। ভূতাত্ত্বিক অবস্থান সম্পর্কিত ছাড়পত্রের মেয়াদ শেষ হওয়ার ৬০ (ষাট) দিন পূর্বে মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর বরাবর উদ্যোক্তা(গণ)কে ভূতাত্ত্বিক অবস্থান সম্পর্কিত ছাড়পত্র নবায়নের জন্য আবেদন করতে হবে।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ  
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

ই-মেইল : [geologicalsurveybd@gmail.com](mailto:geologicalsurveybd@gmail.com); ওয়েব : [www.gsb.gov.bd](http://www.gsb.gov.bd)

ফোন : ৮৩১৪৮০২-০৯; ফ্যাক্স : ৮৮০-২-৯৩৩৯৩০৯।

- ২৯। নবায়নের আবেদনপত্রের সাথে উদ্যোক্তা(গণ)কে নিম্নবর্ণিত ছবি ও কাগজপত্রের সত্যায়িত (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক) অনুলিপি দাখিল করতে হবে-
- ক. উদ্যোক্তা(গণ) এর সত্যায়িত সাম্প্রতিক কালের তিন কপি পাসপোর্ট সাইজের ছবি;
  - খ. উদ্যোক্তা(গণ) এর জাতীয় পরিচয় পত্র (National Identity Card) অনুলিপি;
  - গ. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) ও জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের এর আওতাধীন এলাকার জন্য যথাক্রমে রাজউক ও জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ প্রদত্ত হালনাগাদকৃত প্রস্তাবিত প্রকল্পের নিবন্ধন সনদ;
  - ঘ. রাজউক/জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ প্রদত্ত আবাসিক প্রকল্পের ছাড়পত্রের কপি;
  - ঙ. হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স (Trade Licence);
  - চ. হালনাগাদকৃত টিআইএন (TIN) সনদ;
  - ছ. হালনাগাদকৃত ভ্যাট (VAT) নিবন্ধন সনদ এবং
  - জ. যৌথ মালিকানার বেত্রে সমঝোতা স্মারক (Memorandum of Understanding) এবং সংঘ বিধি (Article of Association) সহ সার্টিফিকেট অব ইনকর্পোরেশন এবং রেজিস্ট্রেশন সার্টিফিকেট।
- ৩০। নবায়নের জন্য অনুচ্ছেদ-২৯ এ উল্লিখিত কাগজপত্রাদির সঙ্গে উদ্যোক্তা(গণ)কে নিম্নবর্ণিত মানচিত্র (অক্ষাংশ ও দ্রাঘিমাংশ সহ) ও তথ্যাদি জমা দিতে হবে-
- ক. রাজউক/জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ অনুমোদিত Comprehensive detailed area plan on RS mauza map (স্কেল ১:৩,৯৬০);
  - খ. রাজউক/জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ অনুমোদিত প্রকল্প এলাকার বিস্তারিত লে-আউট পরিকল্পনা (Detailed Layout Plan) মানচিত্র (স্কেল ১:১,৯৮০);
  - গ. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন এলাকার জন্য প্রকল্পের অবস্থান যথাযথ ভাবে চিহ্নিত করে রাজউক প্রণীত ঢাকা মহানগর এলাকার বিস্তারিত উন্নয়ন পরিকল্পনা DAP (1995-2005) মানচিত্র (স্কেল ১:৪২,০০০) এবং
  - ঘ. প্রকল্পের গত ৫ (পাঁচ) বছরের কার্যক্রমের উপর প্রতিবেদন দাখিল করতে হবে। দাখিলকৃত প্রতিবেদনটি ভূতত্ত্ববিদ/ভূ-প্রকৌশলবিদ/ভূ-প্রযুক্তিবিদ(গণ) কর্তৃক প্রণয়ন করতে হবে।
- ৩১। নবায়নের আবেদন প্রাপ্তির পর ভূতাত্ত্বিক অবস্থান সম্পর্কিত ছাড়পত্র কমিটির সদস্য/প্রতিনিধিগণ প্রকল্প এলাকা পরিদর্শন করবেন।
- ৩২। দাখিলকৃত সকল কাগজ পত্রাদি কমিটি কর্তৃক গ্রহণযোগ্য হলে নবায়ন ফি বাবদ সরকার নির্ধারিত হারে অর্থ এবং ভ্যাটসহ অন্যান্য কর চালানোর মাধ্যমে রাষ্ট্রীয় কোষাগারে হিসাব কোড নং ১-৪২৪৫-০০০০-১৮৭৬ এ জমাদানপূর্বক বাংলাদেশ ব্যাংক হতে যাচাইকৃত চালান অত্র অধিদপ্তরে জমা দান করতে হবে (সংযুক্তি-২)।
- ৩৩। প্রকল্প এলাকার কার্যক্রম কমিটি কর্তৃক সন্তোষজনক বিবেচিত হওয়া সাপেক্ষে পরবর্তী ৫ (পাঁচ) বছরের জন্য বেসরকারী আবাসিক প্রকল্পের ভূতাত্ত্বিক অবস্থান সম্পর্কিত ছাড়পত্রের নবায়ন করা হবে।

**বিশেষ দৃষ্টব্যঃ** যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের তারিখ হতে সকল আবেদন ও নবায়ন এর ক্ষেত্রে এই নির্দেশনাবলী প্রযোজ্য হবে। রাষ্ট্রীয় ও জনস্বার্থ বিবেচনায় এই নির্দেশাবলী পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজনযোগ্য।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

সংযুক্তি-১

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

ই-মেইল : [geologicalsurveybd@gmail.com](mailto:geologicalsurveybd@gmail.com); ওয়েব : [www.gsb.gov.bd](http://www.gsb.gov.bd)

ফোন : ৮৩১৪৮০২-০৯; ফ্যাক্স : ৮৮০-২-৯৩৩৯৩০৯।

## ভূতাত্ত্বিক প্রতিবেদনের ফরমা

সারসংক্ষেপ

### ১. ভূমিকা

- ১.১ অবস্থান ও অভিজগম্যতা (Location and Accessibility),
- ১.২ ভূসংস্থান ও বন্ধুরতা (Topography and Relief),
- ১.৩ পানি নিষ্কাশন প্রক্রিয়া ও জলাধার (Drainage and Water Bodies),
- ১.৩ বর্তমান ভূমি ব্যবহার (Existing Landuse)।

### ২. পদ্ধতি

- ২.১ খনন (Boring) কাজ, নমুনা সংগ্রহ (Sampling) ও পরীক্ষা (Testing) পদ্ধতি (Methodology) এর বর্ণনা,
- ২.২ পরীক্ষার মান (BS/ASTM/USCS) ও স্পেসিফিকেশন (Standard of Testing and Specification)।

### ৩. প্রকল্প এলাকার ভূতত্ত্ব

- ৩.১ ভূপ্রকৃতি (Geomorphology),
- ৩.২ আঞ্চলিক ভূতাত্ত্বিক বিন্যাস (Regional Geologic Set-up),
- ৩.৩ ভূতাত্ত্বিক কাঠামো (Geological Structure),
- ৩.৪ ভূআলোড়ন বিন্যাস (Tectonic Set-up),
- ৩.৫ ভূ-অভ্যন্তরস্থ ভূতত্ত্ব (Sub-surface Geology),
- ৩.৬ ভূতাত্ত্বিক ইতিহাস (Geological History),

### ৪. ভূ-প্রযুক্তিক একক (Geotechnical units) এর বর্ণনা,

৫. ভূতাত্ত্বিক সীমাবদ্ধতাসমূহ (Geological Constrains) চিহ্নিত করণ, যেমন: মাটির স্তরের বৈশিষ্ট্য, বন্যা, জলাবদ্ধতা, ভূমি বিচ্যুতি (Ground Failure), ভূমিধ্বস, ভূমিকম্প, নদীভাঙ্গন, ইত্যাদি। বিশেষ বেত্রে চ্যুতির (fault) উপস্থিতি ও বৈশিষ্ট্য, পাহাড়ী ভূমির বেত্রে মাটির স্তরের ঢালের বৈশিষ্ট্য এবং উপকূলীয় এলাকার বেত্রে সামুদ্রিক জলোচ্ছ্বাসের প্রকোপ, জোয়ারের পানিতে নিমজ্জমানের সম্ভাবনা ও প্রকল্প এলাকায় সমুদ্র পৃষ্ঠের উঠানামার প্রভাব ইত্যাদি।

### ৬. উপসংহার,

### ৭. বরাত (Reference(s))।

### সংলগ্নী

১. নির্দেশক (Index) মানচিত্র (স্কেল ১ঃ১৯৮০),
২. ভূসংস্থানিক (Topographic) মানচিত্র (স্কেল ১ঃ১৯৮০),
- ৩ রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের আওতাবীন এলাকার জন্য প্রকল্পের অবস্থান যথাযথ ভাবে চিহ্নিত করে রাজউক প্রণীত ঢাকা মহানগর এলাকার বিস্তারিত উন্নয়ন পরিকল্পনা DAP (1995-2005) মানচিত্র (স্কেল ১ঃ৪২,০০০),
৪. ভূমি ব্যবহার মানচিত্র (স্কেল ১ঃ১৯৮০),
৫. অনুসন্ধান কূপের লে-আউট (Layout of Exploratory Boreholes),
৬. ভূতাত্ত্বিক মানচিত্র (স্কেল ১ঃ১৯৮০),
৭. ভূমিতলের বিভিন্ন দিকে ন্যূনতম তিনটি ভূতাত্ত্বিক প্রস্থচ্ছেদ (Sub-surface Geological Cross-sections),
৮. প্রতিটি বোর হোলের পললের বিস্তারিত বর্ণনা সম্বলিত লম্বচ্ছেদ (Vertical Section),
৯. খননকূপের লগসমূহ (ভূতাত্ত্বিক ও ভূ-প্রযুক্তিক বৈশিষ্ট্যসমূহের বর্ণনাসহ) এবং
১০. পরীক্ষাগার হতে প্রাপ্ত ফলাফলের কাগজ।